চলাচল সূচী নং- বোরো/২১ সিদ্ধ চাল/০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
ময়মনসিংহ।
www.food.mymensinghdiv.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.৪২২.৫০.০০৩.২১.১৩২

তারিখ: ০৭/০৬/২০২১খ্রি.

প্রাপক: ১। ব্যবস্থাপক, ময়মনসিংহ সিএসডি, ময়মনসিংহ।
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সদর/বারহাট্টা/পূর্বধলা এলএসডি, নেত্রকোণা।

বিষয়: সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির জন্য সড়ক পথে মোট ২০০০.০০০ মে.টন সদ্য সংগৃহীত বোরো/২০২১ সিদ্ধ চালের চলাচল সূচি।

সূত্র: জেলা খাদ্য নিয়ন্ত্রক, নেত্রকোণা-এর ০৬/০৬/২০২১খ্রি. তারিখের ১১৫৪ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি বোরো সংগ্রহ'২০২১ মৌসুমে আওতায় কৃষকের নিকট হতে বোরো ধান ও চুক্তিবদ্ধ মিল মালিকগণের নিকট হতে বোরো সিদ্ধ ও আতপ চাল সংগ্রহপূর্বক গুদামজাত করা এবং গুদামে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে বর্তমান মজুত ও সংগ্রহ কার্যক্রম গতিশীল করার জন্য সদ্য সংগৃহীত বোরো'২০২১ সিদ্ধ চাল সরানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রক, নেত্রকোণা সূত্রস্থ স্মারকে প্রস্তাব প্রেরণ করেন। তৎপ্রেক্ষিতে নেত্রকোণা জেলাধীন সদর এলএসডি, বারহাট্টা এলএসডি ও পূর্বধলা এলএসডিতে সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে সদ্য সংগৃহীত বোরো'২০২১ সিদ্ধ চালের বর্তমান মজুত, সাশ্রয়ী রুট এবং ময়মনসিংহ সিএসডিতে খালি জায়গা বিবেচনায় আপতকালীন মজুত গড়ার লক্ষ্যে ময়মনসিংহ সিএসডিতে মোট ২০০০.০০০ মে. টন বোরো'২০২১ সিদ্ধ চালের চলাচল সূচি নিম্নোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে পরিপালন শর্তে নির্দেশক্রমে ডিআরটিসি সূচি জারি করা হলো।

সড়ক পথে বোরো/২০২১ সিদ্ধ চালের চলাচলসূচি:

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পণ্য	পরিমাণ	ডিআরটিসি	
							সড়ক পরিবহণ ঠিকাদার	বিআরটিসি
০১	নেত্রকোণা	সদর এলএসডি	ময়মনসিংহ	ময়মনসিংহ সিএসডি, ময়মনসিংহ।	সদ্য সংগৃহীত বোরো'২১ সিদ্ধ চাল	১০০০.০০০	৮৪০.০০০	১৬০.০০০
০২	নেত্রকোণা	বারহাট্টা এলএসডি	ময়মনসিংহ	ময়মনসিংহ সিএসডি, ময়মনসিংহ।		৪০০.০০০	৩৬০.০০০	৪০.০০০
০৩	নেত্রকোণা	পূর্বধলা এলএসডি	ময়মনসিংহ	ময়মনসিংহ সিএসডি, ময়মনসিংহ।		৬০০.০০০	৪৮০.০০০	১২০.০০০
					সর্বমোট =	২০০০.০০০	১৬৮০.০০০	৩২০.০০০

ডিআরটিসি ঠিকাদার ভিত্তিক বিভাজন:

ক্র. নং	ঠিকাদারগণের নাম	পর্যায় সূচি	পণ্য	প্রেরক কেন্দ্র	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	রুট
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	মেসার্স মোল্যা এন্ড কোং	১	সদ্য সংগৃহীত বোরো'২১ সিদ্ধ চাল	সদর এলএসডি, নেত্রকোণা	ময়মনসিংহ সিএসডি, ময়মনসিংহ	৬০	সড়ক পথ
২	মেসার্স লতিফ এন্ড কোং	২		ঐ	ঐ	৬০	ঐ
৩	মেসার্স অগ্রণী কর্পোরেশন	৩		ঐ	ঐ	৬০	ঐ

৪	মেসার্স ইসমাইল বিশ্বাস	৪	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
৫	মেসার্স বাইত আল মা'মুর এজেন্সী	৫	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
৬	মেসার্স সুমন ব্রাদার্স	৬	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
৭	মেসার্স আবুল হাসেম	৭	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
৮	মেসার্স কবির ট্রেডিং	৮	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
৯	মেসার্স সানবীম এন্টারপ্রাইজ	৯	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
১০	মেসার্স হাবিব ব্রাদার্স	১০	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
১১	মেসার্স জাহাঙ্গীর আলম এন্ড ব্রাদার্স	১১	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
১২	মেসার্স মোসলেম বিশ্বাস	১২	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
১৩	মেসার্স দীনা এন্টারপ্রাইজ	১৩	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
১৪	মেসার্স নূপুর এন্টারপ্রাইজ	১৪	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
১৫	মেসার্স মোঃ মোহর চান মিয়া	১৫	ঐ	বারহাট্টা এলএসডি	ময়মনসিংহ সিএসডি, ময়মনসিংহ	৬০	ঐ
১৬	মেসার্স বাবুল এন্ড ব্রাদার্স	১৬	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
১৭	মেসার্স সালেকীন এন্টারপ্রাইজ	১৭	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
১৮	মেসার্স আল হোসাইন এন্টারপ্রাইজ	১৮	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
১৯	মেসার্স দেবদাস সাহা	১৯	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
২০	মেসার্স এস,এম, হাবিবুর রহমান	২০	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
২১	মেসার্স গাজী এন্ড কোং	২১	ঐ	পূর্বধলা এলএসডি	ময়মনসিংহ সিএসডি, ময়মনসিংহ	৬০	ঐ
২২	মেসার্স ময়নামতি এন্টারপ্রাইজ	২২	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
২৩	মেসার্স সোহেল এন্টারপ্রাইজ	২৪	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
২৪	মেসার্স কাজী আকবর আলী এন্ড সন্স	২৫	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
২৫	মেসার্স শামীম ট্রেডার্স	২৬	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
২৬	মেসার্স লিপি এন্টারপ্রাইজ	২৭	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
২৭	মেসার্স নজরুল এন্ড কোং	২৮	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
২৮	মেসার্স মেরিনা পারভীন	২৯	ঐ	ঐ	ঐ	৬০	ঐ
					সর্বমোট =	১৬৮০	

পরিবহণ ক্ষেত্রে পালণীয় নির্দেশনাবলী:

১। এই সূচি বাস্তবায়নের ক্ষেত্রে খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচলসূচি প্রণয়ন নীতিমালা ২০০৮ অনুসরণ করতে হবে;

২। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত ১১/০৫/২০১৯খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা' বিষয়ক ১৮/০৪/২০২০খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে;

৩। সূচির আওতায় প্রেরিতব্য খাদ্যশস্যের বস্তায় প্রযোজ্য ক্ষেত্রে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের ০৯/০৫/২০১৯খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে নির্দেশনা অনুযায়ী এলএসডি/সিএসডিতে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেনসিলের স্পষ্ট ছাপ দেয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে;

৪। সূচির বিপরীতে প্রেরিতব্য খাদ্যশস্য সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত খাদ্যশস্যের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সুস্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানির বিশেষ তদারকি/নজরদারিতে খাদ্যশস্য প্রেরণ করতে হবে;

৫। চলাচল সূচির আওতায় কোন কীটাক্রান্ত (জীবিত/মৃত) খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সূচিতে উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য প্রকার ও ওয়ারেন্টি মোতাবেক প্রেরণ করতে হবে; প্রতিটি ট্রাক-এ প্রেরিত চালের ভৌত বিশ্লেষণ রির্পোট ও নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহণকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য ও বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৬। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (জেখানি/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) খাদ্যশস্য পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম হলে বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন;

৭। যেসব মিলারের সরবরাহকৃত চালের মাধ্যমে খামাল গঠিত হয়েছে প্রাপক কেন্দ্রে সূচীকৃত চাল সরবরাহের সময় উক্ত মিলারগণের সরবরাহকৃত চালই খামাল হতে প্রাপক কেন্দ্রে প্রেরণ করতে হবে। উক্ত নিয়মের কোনো ব্যর্তয় করা যাবে না;

৮। প্রেরককে প্রেরণকালে প্রতিটি বস্তায় বোঙ্গা মেরে বিনির্দেশ মোতাবেক এবং প্রতিটি বস্থায় মিলারের স্টেনসিল ও গুদামের স্টেনসিল নিশ্চিত হয়ে চাল ট্রাকে বোঝাই ও প্রেরণ করতে হবে। এর ব্যত্যয় হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট সকলকে বহন করতে হবে;

৯। প্রাপককে প্রতিটি বস্তায় বোঙ্গা মেরে চালের বিনির্দেশ মোতাবেক এবং প্রতিটি বস্তায় মিলারের স্টেনসিল ও গুদামের স্টেনসিল নিশ্চিত হয়ে চাল ট্রাক হতে খালাস ও গ্রহণ করতে হবে। এর কোন ব্যত্যয় ঘটলে সাথে সাথে অত্র দপ্তরসহ সংশ্লিষ্ট প্রেরক কেন্দ্র ও প্রাপক কেন্দ্রের জেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে অবহিত করতে হবে;

১০। প্রেরককে প্রেরণকালে প্রেরিত চালের দুইটি নমুনা সংগ্রহ করে সীলকৃত অবস্থায় একটি প্রেরণ কেন্দ্রে সংরক্ষণ করতে হবে এবং অপরটি পরিবাহকের মাধ্যমে সীলকৃত অবস্থায় প্রাপক কেন্দ্রে প্রেরণ করতে হবে;

১১। প্রেরক ঠিকাদার/ঠিকাদার প্রতিনিধির বৈধ পরিচয়পত্র যাচাই করে ডেসপাস দিবেন। পরিবহনকারী ঠিকাদার/প্রতিনিধি বিনির্দেশ মোতাবেক চাল গ্রহণ ও পরিবহণ করে প্রাপক কেন্দ্রে বুঝিয়ে দিবেন;

১২। প্রেরিত চাল বিনির্দেশ সম্মত আছে কিনা তা দেখে বোঝাই দিতে হবে এবং চালের গুণগত মান ভি-ইনভয়েসে উল্লেখ করতে হবে;

১৩। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (জেখানি/ব্যবস্থাপক/এসএন্ডএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না;

১৪। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অত্র দপ্তরসহ খাদ্য অধিদপ্তরের চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

১৫। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপক কেন্দ্র খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে সূচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিডিও এর নিকট প্রেরণ করবেন;

১৬। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রযোজ্য ক্ষেত্রে চুক্তিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অপরিবাহিত খাদ্যশস্য জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি অথবা বোঝাই কেন্দ্রে পরিবহণ যানসহ উপস্থিত আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে;

১৭। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা স্বাক্ষরিত ০৮/০৬/২০২০খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে প্রেরক কেন্দ্র এবং প্রাপক কেন্দ্র তাদের নির্ধারিত ইনভয়েস যথানিয়মে এন্ট্রি সম্পন্ন করবেন;

১৮। সূচির মেয়াদ আগামী ১১/০৬/২০২১খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

৭/৬/২০২১

(সুরাইয়া খাতুন)
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
ময়মনসিংহ।
Email: rcf.myn@dgfood.gov.bd
rcfmymen9521@gmail.com

Read. 09/06/2021

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.৪২২.৫০.০০৩.২১.১৩২/৪(১০)

তারিখ: ০৭/০৬/২০২১খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণার্থে-

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নেত্রকোণা/ময়মনসিংহ। প্রাধিকারপত্রসহ বৈধ কাগজপত্র যাচাইপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক.....।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ...এলএসডি, ...জেলা।
৭। মেসার্স .....বিভাগীয় সড়ক পরিবহণ ঠিকাদার/প্রতিনিধিগণ বস্তায় গায়ে স্টেনসিল দেখে মালামাল বোঝাই দিবেন এবং নমুনায় ভারপ্রাপ্ত কর্মকর্তার সাথে যৌথভাবে স্বাক্ষর করবেন। প্রেরক কেন্দ্র হতে ভাল মানের মালামাল বুঝে নিবেন এবং নির্ধারিত সময়ের মধ্যে উহা গন্তব্যে বুঝিয়ে দিবেন।
৮। হিসাব শাখা, অত্র দপ্তর।
৯। নোটিশ বোর্ড অত্র দপ্তর।
১০। অফিস কপি।

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
ময়মনসিংহ।